

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬৮৯

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - জাহান্নাম ও জাহান্নামীদের বর্ণনা

الفصل التَّنِف (باب صفة النار وَأَهْلهَا)

### আরবী

وَعَن أَبِي بُردةَ عَنْ أَبِيهِ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: إِنَّ فِي جَهَنَّمَ لَوَادِيًا يُقَالُ لَهُ: هَبْهَبُ يسكنُه كَلُّ جَبَّارٍ رَوَاهُ الدَّارِمِيِّ

اسناده ضعیف ، رواه الدارمی (2 / 331 ح 2819 ، نسخة محققة : 2858) \* فیہ ازهر بن سنان : ضعیف ـ

#### বাংলা

৫৬৮৯-[২৫] আবূ বুরদাহ্ (রাঃ) তাঁর পিতা হতে বর্ণনা করেন। নবী (সা.) বলেছেন: জাহান্নামের মধ্যে এমন একটি নালা বা গর্ত আছে, যার নাম 'হাবহাব'। প্রত্যেক স্বৈরাচারী অহংকারীকে সেখানে রাখা হবে। (তিরমিযী)

## ফটনোট

য'ঈফ: দারিমী ২৮১৬, আযহার য'ঈফ; হিদায়াতুর রুওয়াত ২৩১, ৫৬১৬।

#### ব্যাখ্যা

व्याখ्या: (وَادِيًا) এটা একবচন, বহুবচন হলো (أوديه) অর্থ হলো উপত্যকা। (هَنْهُبُو) এটা একটি নাম। কেউ বলেছেন, এখানে (أَمْنُ) এর সীগাকে দু'বার আনা হয়েছে (هَنْهُبُو), কেননা যে উপস্থিত হবে সে বলবে (كَلُّ) এই) بُنْهُبُ প্রত্যেক অহংকারী বিদ্বেষী যে সত্য থেকে দূরে অবস্থানকারী সৃষ্টিজীবের উপর কঠোর। ইবনু মারদাওয়াইহ ইবনু উমার থেকে একটি হাদীস বর্ণনা করেছেন যে, (هَلَكَ) জাহান্নামের একটি জেলখানার নাম। এর মধ্যে বন্দি করা হবে প্রত্যেক অহংকারী, প্রতাপশালী এবং স্বেচ্ছাচারীদেরকে। এখানে উল্লেখিত হয়েছে



यে, জাহান্নামও এই জেলখানা থেকে আশ্রয় চায়। অনুরূপ আবূ হুরায়রাহ্ (রাঃ) থেকে বর্ণিত হয়েছে যে, (الْفَلَقُ) হলো জাহান্নামের একটি গভীর গর্তের নাম যা ঢাকা থাকবে। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ বুরদাহ ইবনু আবৃ মূসা আশ আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন